"জীবনেও সাথী, মরণেও সাথী"

**HOT LINE: 16795**

# আঞ্জুমান মুফিদুল ইসলাম

(ইসলামি জনকল্যাণ সংস্থা)

# ANJUMAN MUFIDUL ISLAM

(Registered under the Societies' Registration Act. XXI of 1860)

প্রধান কার্যালয় : লেভেল ১৪, আঞ্জুমান জে আর টাওয়ার, ৪২, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০, ফোন: ৪৮৩১৭২৬১/৪৮৩১৭১৬৭
E-mail : info@anjumanmibd.org, Web: www.anjumanmibd.org
কাকরাইল সেবাকেন্দ্র : আঞ্জুমান জে আর টাওয়ার, ৪২, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা, ফোন: ৫৮৩১২১৫৬/০১৩১৮-২৪২৯৯৭
গেন্ডারিয়া সেবাকেন্দ্র : ৫, এস কে দাস রোড, গেন্ডারিয়া, ঢাকা, ফোন : ৪৭৪৪১৬৬০/৪৭৪৪০৭৮৬
মুগদাপাড়া সেবাকেন্দ্র : ৩২১, উত্তর মুগদাপাড়া, ঢাকা, ফোন : ৭২৭৪৪৩৫/৭২৭২৭০৫
তেজগাঁও সেবাকেন্দ্র : ৩/ বি, পূর্ব তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা -১২১৫, ফোন : ৪৮১১২৫৭০

| Established: | |
|---|---|
| Calcutta | 1905 |
| Dhaka (HO) | 1947 |
| Dinajpur Br. | 1974 |
| Chittagong Br. | 1979 |
| Satkhira Br. | 1980 |
| Comilla Br. | 1981 |
| Brahmanbaria Br. | 1984 |
| Netrokona Br. | 1984 |
| Sirajganj Br. | 1984 |
| Khulna Br. | 1981 |
| Jessore Br. | 1990 |
| Rajshahi Br. | 1995 |
| Gaibandha Br. | 1995 |
| Bagerhat Br. | 1995 |
| Feni Br. | 1995 |
| Jhenaidah Br. | 1999 |

| Established: | |
|---|---|
| Lalmonirhat Br. | 1999 |
| Pabna Br. | 1999 |
| Habiganj Br. | 2001 |
| Rajbari Br. | 2001 |
| Thakurgaon Br. | 2003 |
| Narayanganj Br. | 2003 |
| Joypurhat Br. | 2003 |
| Jamalpur Br. | 2003 |
| Chuadanga Br. | 2003 |
| Pirojpur Br. | 2004 |
| Bhola Br. | 2005 |
| Narail Br. | 2005 |
| Naogaon Br. | 2006 |
| Sylhet Br. | 2021 |
| Kurigram Br. | 2022 |
| Rangpur Br. | 2023 |
| Bogura Br. | 2024 |


নম্বর:আঞ্জু/উন্নয়ন-০২/২০২৫. তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৫

প্রতি,

1. PRITI Research & Consultancy Limited
   House No. 567, Bhai Bhai Mansionm. Kazipara Bus Stand
   Begum Rokeya Sarani, Mirpur, Dhaka-1216.
2. Creative Consultancy Service, Level-2, House 1286/1 East Monipu
   Begum Rokeya Sarani, Mirpur, Dhaka-1216.
3. Analytical Research and Consulting Srervices
   721, 6 Basundhara Ln, Dhaka-1216
4. Research Max
   Salam AbedCom,plex, House # 965/1/A, Shewrapara
   Begum Rokeya Sarani, Mirpur, Dhaka-1216.
5. nSearch Limited
   Plot 31, Road 20, Block K, Banani, Dhaka-1213

**টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন পাথরঘাটায় দানে প্রাপ্ত ০.৮০ একর জমিতে আঞ্জুমান মুফিদুল ইসলাম কর্তৃক আঞ্জুমান-হাজেরা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে Feasibility Study সম্পন্ন করিয়া Area Development Master Plan তৈরীর জন্য** কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

১। আঞ্জুমান মুফিদুল ইসলাম নিজস্ব তহবিল ব্যবহার করে জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খামের মাধ্যমে ০৭.১২.২০২৫ দুপুর ১২-০০ টা বা উহার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "Feasibility Study সম্পন্ন করিয়া Area Development Master Plan" তৈরীর জন্য কোটেশন এবং "০৭.১২.২০২৫ দুপুর ২-০০ টা এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

অঃ পৃঃ দ্রঃ

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ০৩ (তিন) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৯০ (নব্বই) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

৯। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১০। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতেমূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ওমূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ,যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্য পালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

১৯। **Feasibility Study** সম্পন্ন করিয়া **Area Development Master Plan** তৈরীর বিষয়ে অনুসরণীয় শর্তাবলী **(Terms of Reference)** একসংগে সংযুক্ত করা হইল।

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর

ড. মোঃ ফয়জুর রহমান ফারুকী
নির্বাহী পরিচালক (দায়িত্বপ্রাপ্ত)
ফোন নম্বর : ৪৮৩১৭১১৬৭
ই-মেইল: info@anjumanmibd.org.

অনুলিপি:

১। সম্মানিত সমন্বয়ক,আঞ্জুমান-আলাউদ্দিন ইসলামিকশিক্ষা কেন্দ্র এবং আঞ্জুমান-সালেহ চিকিৎসালয় ব্যবস্থাপনা কমিটি।
২। মুখ্য পরিচালক (প্রশাসন/শাখা কার্যক্রম)/উপ পরিচালক (ভবন)/উপপরিচালক(হিসাব),আঞ্জুমান মুফিদুল ইসলাম। অবগতি এবং প্রচারের জন্য।
৩। উপ পরিচালক (আইটি), আঞ্জুমান মুফিদুল ইসলাম। প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে পোস্ট করিবার জন্য।
৪। নোটিশ বোর্ড।
৫। সাম্প্রতিক নথি।

**আঞ্জুমান মুফিদুল ইসলাম**
**প্রধান কার্যালয়**
**আঞ্জুমান জে আর টাওয়ার**
**কাকরাইল, ঢাকা।**

টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাস্থ পাথরঘাটা গ্রামে দানে প্রাপ্ত ০.৮০ একর জমিতে আঞ্জুমান মুফিদুল ইসলাম কর্তৃক আঞ্জুমান-হাজেরা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে Feasibility Study করে Area Development Master Plan তৈরীর বিষয়ে অনুসরণীয় শর্তাবলী (Terms of Reference)।

বিগত ১৬.১১.২০২২ তারিখে আঞ্জুমান মুফিদুল ইসলামের সাথে আলাউদ্দিন-হাজেরা ওয়েলফেয়ার ট্রাস্ট এবং জনাব মোহাম্মদ সালেহ এর একটি সমঝোতা স্মারক (MOU) সম্পাদিত হয়। সমঝোতা স্মারকের মুল বিষয় ছিল আলাউদ্দিন-হাজেরা ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলা পাথরঘাটা গ্রামের ১.০০ একর জমি আঞ্জুমান মুফিদুল ইসলামকে দান করা হবে এবং টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলায় অবস্থিত (ক) আঞ্জুমান-আলাউদ্দিন ইসলামিক শিক্ষা কেন্দ্র ও (খ) আঞ্জুমান-সালেহ চিকিৎসালয়ের কার্যক্রম আঞ্জুমানের নিকট হস্তান্তর করা হবে। আঞ্জুমান কর্তৃক প্রতিষ্ঠান দুটির পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ করা হবে।

২। পরবর্তীতে জনাব মোহাম্মদ সালেহ, নাজমুল আহসান ও রফিকুল ইসলাম এর সাথে ১৬.০২.২০২৪ তারিখে আঞ্জুমান মুফিদুল ইসলামের অপর একটি সমঝোতা স্মারক (MOU) সম্পাদিত হয় যার মুল বিষয় দাতাগণ কর্তৃক টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলা পাথরঘাটা গ্রামের ০.৮০ একর জমি আঞ্জুমান মুফিদুল ইসলামকে দান করা হবে এবং আঞ্জুমান কর্তৃক উক্ত সম্পত্তিতে দরিদ্র, দুঃস্থ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠির কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে দক্ষ শ্রমশক্তি ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে আঞ্জুমান-হাজেরা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করা হবে।

৩। সমঝোতা স্মারকের শর্ত অনুযায়ী ১৮.০২.২০২৪ তারিখে রেজিস্ট্রিকৃত দুইটি দলিলের মাধ্যমে ১.০০ একর ও ০.৮০ একর জমি আঞ্জুমান মুফিদুল ইসলামকে দান করা হয়। বর্তমানে আঞ্জুমান-আলাউদ্দিন ইসলামিক শিক্ষা কেন্দ্র ও আঞ্জুমান-সালেহ চিকিৎসালয় নামীয় দুটি প্রতিষ্ঠানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ২৮.০৬.২০২৫ তারিখে অনুষ্ঠিত আঞ্জুমান মুফিদুল ইসলামের বার্ষিক সাধারণ সভায় আঞ্জুমান-হাজেরা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (প্রস্তাবিত) এর জন্য ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্তে একটি কর্মপরিকল্পনা অনুমোদিত হয়।

অঃ পৃঃ দ্রঃ

৪। বিগত ২৩.০২.২০২৪ তারিখে অনুষ্ঠিত আঞ্জুমান মুফিদুল ইসলামের ব্যবস্থাপনা পরিষদের ৫৭তম সভায় "৪.০.১ টাঙ্গাইলে দানে প্রাপ্ত জমির বিষয়ে একটা Feasibility Study করে একটা Area Development Master Plan তৈরী করা হবে এবং সেভাবে পরবর্তী কাজ করা হবে।" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিগত ১১.১০.২০২৫ তারিখে অনুষ্ঠিত আঞ্জুমান-আলাউদ্দিন ইসলামিক শিক্ষা কেন্দ্র, আঞ্জুমান-হাজেরা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (প্রস্তাবিত) এবং আঞ্জুমান-সালেহ চিকিৎসালয়- সম্পর্কিত জরুরী সভায় পূর্বোক্ত সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩ (তিন) মাসের মধ্যে Feasibility Study করে Area Development Master Plan তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। বর্ণিত অবস্থার আলোকে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের বিধান অনুযায়ী কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার শর্তাবলী পর্যালোচনা এবং স্থানীয়ভাবে সরজমিনে পরিদর্শন ও অভীষ্ট জনগোষ্ঠির সাথে মতবিনিময় করে আঞ্জুমান মুফিদুল ইসলামের অনুকূলে দানকৃত টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলা পাথরঘাটা গ্রামের ০.৮০ একর জমিতে দরিদ্র, দুঃস্থ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠির কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে দক্ষ শ্রমশক্তি ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে আঞ্জুমান-হাজেরা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার শর্তাবলী পূরণ ও উক্ত কেন্দ্র প্রতিষ্ঠা আর্থ-সামাজিক দৃষ্টিকোণ থেকে যৌক্তিক হবে কিনা সেবিষয়ে Feasibility Study করে উক্ত এলাকায় অবস্থিত আঞ্জুমানের প্রতিষ্ঠানসমূহ ও সম্পত্তির Area Development Master Plan তৈরী করে দাখিল করতে হবে। দাখিল করার পূর্বে এতদসংক্রান্ত কমিটির সম্মুখে বিষয়টি উপস্থাপন করতে হবে।

ড. মোঃ ফয়জুর রহমান ফারুকী
নির্বাহী পরিচালক (দায়িত্বপ্রাপ্ত)
ফোন নম্বর : ৪৮৩১৭১১৬৭
ই-মেইল: info@anjumanmibd.org